গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, গাইবান্ধা
Cooperative.gaibandha.gov.bd

স্মারক নং-৪৭.৬১.৩২০০.০০০.৩৯.০৬২.২৩-১০৪০ তারিখঃ-৩০/১২/২০২৪খ্রিঃ।

বিষয়ঃ - ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর)/২৪ তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদন এবং প্রমানক প্রেরন প্রসংগে।

সূত্রঃ এপিএ তথ্য অধিকার সংক্রান্ত ২০২৪-২০২৫।

মহোদয়,

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২০২৪ - ২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর)/২৪তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদন এবং প্রমানক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরন করা হলো।

সংযুক্তঃ ১৯ (উনিশ)পাতা

৩০-১২-২০২৪
(মোঃ ফরিদ উদ্দিন সরকার )
জেলা সমবায় অফিসার
গাইবান্ধা।

প্রাপকঃ
যুগ্ম - নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রংপুর।

তথ্য অধিকার বিষয়ে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা
মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম: জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা ।
ত্রৈমাসিকের নাম: ২য় ত্রৈমাসিক (অক্টোবর/২৪- ডিসেম্বর/২৪)

| ার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | কোয়াটার্র ভিত্তিক অর্জন | | | | | মোট অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষমাত্রা ২০২৪-২৫ | ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর)/২৪ | ২য় কোয়াটার (অক্টোম্বর-ডিসেম্বর)/২৪ | ৩য় কোয়াটার (জানুয়ারী-মার্চ)/২৫ | ৪র্থ কোয়াটার (এপ্রিল-জুন)/২৫ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| তিষ্ঠানিক | ০১ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি | % | ০১ | ১০০% | ১০০% | ১০০% | | | ১০০% |
| সক্ষমতা বৃদ্ধি | ০২ | [২.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.১.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০১ | ১৫-১০-২০২৪ | - | ১৫-১০-২০২৪ | | | ১০০% |
| | | [২.২] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা | [২.২.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০১ | ২ | - | ১ | | | ৫০% |

(মোঃ আয়েন উদ্দিন)
পরিদর্শক
জেলা সমবায় অফিস
গাইবান্ধা।

(মোঃ ফরিদ উদ্দিন সরকার)
জেলা সমবায় অফিসার
গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস,গাইবান্ধা।
cooperative.gaibandha.gov.bd

# প্রত্যয়নপত্র

## [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকৃত

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা এর ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসের (অক্টোবর-ডিসেম্বর)/২৪ তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম [১.১] নির্দিষ্ট সময়ে তথ্য অধিকার আইনে কোন সেবা গ্রহীতার আবেদন পাওয়া যায়নি। কর্মসম্পাদন সূচক [১.১.১] মোতাবেক তথ্য অধিকার আইনে নিষ্পত্তির হার ১০০%। ২০২৪-২০২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসের তথ্য অধিকার আইনে (অক্টোবর-ডিসেম্বর)/২৪ কর্মসম্পাদন সূচক [১.১.১] অর্জনের হার ১০০%।

(মোঃফরিদ উদ্দিন সরকার)
জেলা সমবায় অফিসার
গাইবান্ধা।
মেইলঃ-dcogaibandha@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, গাইবান্ধা
Cooperative.gaibandha.gov.bd

জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম [২.২] তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করন সংক্রান্ত কর্মসম্পাদন সূচক [২.২.১) বাস্তবায়নের লক্ষ্যে প্রচার পত্র বিষয়ক লিফলেট বিতরনের-

**প্রাপ্তি স্বীকারপত্র:**

**বিতরনেরতারিখ: ১০/১২/২০২৪খ্রি:**

| ক্র:নং | বিতরনকারীরনাম | পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: আনিছুর রহমান | উপ-সহকারী নিবন্ধক | 01733156879 | [signature] |
| ০২ | মো: রুহুল কুদ্দুস | পরিদর্শক | 01713710910 | [signature] |
| ০৩ | মৌসুমী রহমান | " | 01744790743 | [signature] |
| ০৪ | মো: মাহমুদ উদ্দিন | " | 01722-269142 | [signature] |
| ০৫ | মো: রহিম | প্রশিক্ষক | 01307372954 | [signature] |
| ০৬ | মো: আব্দুল মতিন | পরিদর্শক | ০১৭২৫৭০৭৩০৭ | [signature] |
| ০৭ | মো: আব্দুল হাই | " | 01731-981658 | [signature] |
| ০৮ | গৌর নিত্যানন্দ দাস | অফিস সহায়ক | ০১৭১৬-৫৫৪৪৮৮ | [signature] |
| ০৯ | | | | |
| ১০ | | | | |

## তথ্য আমার অধিকার

## জানতে হবে সবার

## তথ্য পেলে জনগন নিশ্চিত হবে সুশাসন

# আপনি জানেন কি?

**তথ্য অধিকার আইন অনুসারে খুব সহজে যে কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানের তথ্য চেয়ে আবেদন করতে পারেন।**

## তথ্যপাবারনিয়ম:

- তথ্য অধিকার আইনে যে কোন নাগরিক আইনে বর্নিত সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারে। আবেদনকারীর নিকট ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরন করতে হবে।
- আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় তাহলে ৩০ দিনের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর আপীল করতে পারবেন।
- আপীল দায়েরের ১৫ দিনের মধ্যে আবেদনকারীর
- কাছে তথ্য প্রেরন অথবা নিষ্পত্তি করতে হবে।

- আপীল করে তথ্য না পেলে অথবা আপীল আদেশে সংক্ষুব্ধ হলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।
- যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহন না করে, সে ক্ষেত্রে আবেদনকারী সরাস তথ্য কমিশ অভিযোগ দায়ের করতে পারে।

**তথ্য অধিকার আইন ব্যবহার করে সমাজ-রাষ্ট্র দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা, জবাদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।**

প্রচারে :জেলা সমবায় কার্যালয়,গাইবান্ধা।

# বার্ষিক প্রতিবেদন
# ২০২৩-২০২৪

জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা
কলেজ রোড,থানাপাড়া,গাইবান্ধা।

## উপদেষ্টা



মোঃ ফরিদ উদ্দিন সরকার
জেলা সমবায় অফিসার
জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা ।

## সম্পাদনা পরিষদ



মোঃ ফরিদ উদ্দিন সরকার
জেলা সমবায় অফিসার
জেলা সমবায় কার্যালয়,গাইবান্ধা ।



মোঃ আনিছুর রহমান
উপ-সহকারী নিবন্ধক
জেলা সমবায় কার্যালয়,গাইবান্ধা ।

## সমন্বয়কারী



মোছাঃ মৌসুমী রহমান
**পরিদর্শক**



এ টি এম রাকিবুল হাসান
**পরিদর্শক**



**মোঃ রুহুল কুদ্দুস**
**পরিদর্শক**




মোঃ আয়েন উদ্দিন
**পরিদর্শক**



**মোঃ আব্দুল মতিন**
**পরিদর্শক**



মোঃ জাহেদুল হক
**পরিদর্শক**



মোঃ আব্দুর রহিম
**প্রশিক্ষক**



**আ খ ম ফজল মাহমুদ**
**হিসাব রক্ষক**

## প্রকাশকাল এবং প্রকাশনায়

অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ।

জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা
**কলেজ রোড, থানাপাড়া, গাইবান্ধা।**
www.coop.gaibandha.gov.bd,
dcogaibandha@yahoo.com
ফোনঃ- ০৫৪১-৫১৬৩৯



## সমবায়-সংগীত

-কাজী নজরুল ইসলাম

'ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- 'সমবায়, সমবায়!'
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছিআসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



“আমরা সমাজের অর্ধাঙ্গ, আমরা পড়িয়া থাকিলে সমাজ  উঠিবে কীরূপ?কোনো ব্যক্তি একপা বাঁধিয়া রাখিলে সে খোঁড়াইয়া খোঁড়াইয়া কত দূর চলিবে? পুরুষের স্বার্থ এবং আমাদের স্বার্থ ভিন্ন নহে।তাহাদের জীবনের উদ্দেশ্য বা লক্ষ্য যাহা আমাদের লক্ষ্য তা হাই।”

**-বেগম রোকেয়া**

# মুখবন্ধ

উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্বহ্রাস, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঁয়ত্রিশটি আর্থিক ও সেবা খাতে সমবায় সমিতি গঠন করা হচ্ছে। এ সমস্ত সমবায় সমিতির সদস্যগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুজিঁ গঠন, বিভিন্ন উৎপাদনমুখী কর্মকান্ডে বিনিয়োগ করা হচ্ছে। অর্জিত লাভ সদস্যদের মাঝে বন্টন করা হচ্ছে। সমবায় প্রতিষ্ঠান গুলির সক্ষমতা বৃদ্ধি করতে সমবায় সদস্যগণের দক্ষতা সৃষ্টি করতে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে।বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে।

স্বাধীনতা পরবর্তীকালে পবিত্র সংবিধানের ১৩ (খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার অন্যতম গুরুত্বপূর্ণ খাত হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়। গাইবান্ধা জেলায় ৮৪৪ টি সমবায় সমিতি এবং ৯৩৯৭৯৮ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া গাইবান্ধা জেলার বিভিন্ন জেলায় মোট ০৪ টি উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গাইবান্ধা জেলায় সমবায়ের মাধ্যমে সমাপ্ত ০৪ টি প্রকল্পের আবর্তক তহবিল হতে মোট ৫ কোটি ৯২ লক্ষ টাকা ক্রমপুঞ্জিভূতভাবে ঋণ কার্যক্রম চলমান রয়েছে।


অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। জাতি গঠনমূলক সরকারি প্রতিষ্ঠান হিসাবে জেলা সমবায় কার্যালয়ের কার্যক্রম এদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হতে যাচ্ছে। প্রতিবেদনটিতে জেলার সংগঠিত সমবায় সমিতি গুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানাত, গঠিত অন্যান্য তহবিল, ঋণ সংক্রান্ত তথ্য লভ্যাংশ বিতরণ ইত্যাদির চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি সরকারি নীতি নির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, শিক্ষানুরাগীসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি। বার্ষিক প্রতিবেদ ২০২২-২৩ প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**মোঃ ফরিদ উদ্দিন সরকার**
**জেলা সমবায় অফিসার**
**গাইবান্ধা**

# সূচিপত্র

প্রারম্ভিকা
১ম অধ্যায়১. জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা
১.১সাংগঠনিক কাঠামো
১.২রুপকল্প
১.৩অভিলক্ষ্য
১.৪কৌশলগতউদ্দেশ্য
১.৫আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ
১.৬কার্যাবলী
২য়অধ্যায়২. সাফল্যওসম্ভাবনা
২.১উল্লেখযোগ্য সাফল্য
২.২সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
২.৩ভবিষ্যৎ পরিকল্পনা :
৩য় অধ্যায় ৩.সমবায় সমিতি সংক্রান্ততথ্য
৩.১উপজেলা ভিত্তিক কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা
৩.২ উপজেলা ভিত্তিক সমিতির সদস্য সংখ্যা
৩.৩শেয়ার মুলধন
৩.৪সঞ্চয় আমানত
৩.৫কার্যকারী মুলধন
৩.৬ঋণ বিতরণ ও আদায়
৩.৭সমিতির লভ্যাংশ বিতরণ
৪র্থ অধ্যায় ৪. রাজস্ব আদায়
৪.১নিরীক্ষা ফি
৪.২নিবন্ধন ফি
৪.৩অন্যান্য
৫ম অধ্যায়৫. সমবায় উন্নয়ন তহবিল
৬ষ্ঠঅধ্যায়৬.জেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়নের তালিকা
৬.১ গাইবান্ধা জেলাধীন জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তদের তালিকা
৭মঅধ্যায়৭.প্রশিক্ষণ
৭.১আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
৭.২ভ্রাম্যমাণ প্রশিক্ষণ
৮মঅধ্যায়৮. প্রকল্প
৮.১ "উন্নতজাতেরগাভীপালনেরমাধ্যমেসুবিধাবঞ্চিতমহিলাদেরজীবনযাত্রারমানউন্নয়ন" শীর্ষকপ্রকল্প
৮.২ আশ্রয়ণ প্রকল্প
৮.৩ সিভিডিপি
৯ম অধ্যায় ৯. জেলার জনবল

# জেলা সমবায় কার্যালয়ের সাংগঠনিক কাঠামো



জেলা সমবায় কার্যালয় গাইবান্ধা এর কর্মকর্তা-কর্মচারিদের টেলিফোন ডিরেক্টরি

| নাম | পদবি | মোবাইল নং | মেইল |
|---|---|---|---|
| মোঃ ফরিদ উদ্দিন সরকার | জেলা সমবায় অফিসার | ০১৭১৮৫৪৩২২১ | dco.gaibandha@coop.gov.bd |
| মো: আনিছুর রহমান | উপ-সহকারী নিবন্ধক | ০১৭৩৩-১৫৬৮৭৯ | anis150280@gmail.com |
| এ টি এম রাকিবুল হাসান | পরিদর্শক | ০১৭২৪৬৩৩৩১১ | atmtakib77@gmail.com |
| মৌসুমি রহমান | পরিদর্শক | ০১৫৫৮১১৬২৪৭ | |
| মোঃ রুহুল কুদ্দুস | পরিদর্শক | ০১৭১৩৭১০৯১০ | |
| মোঃ আয়েন উদ্দিন | পরিদর্শক | ০১৭২২২৬৯১৪২ | ayenuddin1978@gmail.com |
| মোঃ জাহেদুল হক | পরিদর্শক | ০১৭৩১৯৮১৬৫৮ | |
| মোঃ আবদুল মতিন | পরিদর্শক | ০১৭২১৭১৯১০৭ | |
| | | ০১৩০৭৩৭২৯৫৪ | |
| মোঃ আব্দুর রহিম | প্রশিক্ষক | ০১৭২২৮৮১৮৭১ | manikr032@gmail.com |
| মানিক চন্দ্র সরকার | সহকারী প্রশিক্ষক | ০১৭২৫১২৮৮৪৪ | |
| আ খ ম ফজল মাহমুদ | হিসাব রক্ষক | ০১৭১৫৫৫৮৮৮৬ | |
| গৌর বিনোদ রায় | ক্যাশিয়ার | ০১৭২৭৯৩১০৮৮ | |
| আতিকুর রহমান | ক্যাশ সরকার | ০১৭৬৩০১৩৭১৬ | |
| জোসনা বেগম | অফিস সহায়ক | | |
| মোঃ নুর আলম | অফিস সহায়ক | ০১৮৬৭২৩৯৯৪১ | |
| মোঃ আবুল কালাম | অফিস সহায়ক | ০১৭৪৭৮৪৯৭৭০ | |
| মোছাঃ তানজিল আরা খাতুন | অফিস সহায়ক | ০১৭৪৬৩২৪৩২৫ | |
| মোঃ আব্দুস সামাদ | নিরাপত্তা প্রহরী | ০১৭২৬৭২৬৯৩৬ | |

## প্রারম্ভিকা

### ১ম অধ্যায়

### ১ জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা এর রূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

#### ১.১রূপকল্প;

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

#### ১.২অভিলক্ষ্য;

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গড়ে তোলা।

#### ১.৩কৌশলগত উদ্দেশ্যসমূহ;

১.উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;

২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;

৩. মান সম্পন্ন ওনিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;

৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

#### ১.৪আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ;

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২.কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

#### ১.৫কার্যাবলী;

১. সমবায় নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;

২.সমবায় নিরীক্ষা, পরিদর্শন, ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩.সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-করর্মস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাস করা ;

৪. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা ;

৫. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;

৬.সমবায় ভিত্তিক প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;

৭. সমবায় পণ্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা ;

৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনী নীতিমালা, উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা ;

### ২য় অধ্যায়

#### ২.১উল্লেখযোগ্য সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগতমান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ১১৫ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ২৩৮৪ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ১৮৯৩৫ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ২১০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যম ৫৬৭ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

#### ২.২সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে গাইবান্ধা জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে গাইবান্ধা জেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ জেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ৯৮৭ । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমপূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভাবে উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

#### ৩.২ভবিষ্যৎ পরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিস্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলাভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ওট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টিকরা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করা ও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্র্যান্ডিং, বাজার জাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবন যাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।

## জেলা সমবায় কার্যালয়, গাইবান্ধা এর ২০২২-২৩ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রমঃ






ভ্রাম্যমান প্রশিক্ষণের কিছু স্থির চিত্র





ভ্রাম্যমান প্রশিক্ষণের কিছু স্থির চিত্র




জাতীয় সমবায় দিবস/২০২৩ এর কিছু স্থির চিত্র

জাতীয় সমবায় দিবস/২০২৩ এর কিছু স্থির

## ৩য় অধ্যায়

### ৩.সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

**৩.১ উপজেলা ভিত্তিক কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা**

**৩.২ উপজেলা ভিত্তিক সমিতির সদস্য সংখ্যা**

| | উপজেলার নাম | কার্যকর সমিতির সংখ্যা | অকার্যকর সমিতির সংখ্যা | মোট সমিতির সংখ্যা | মোট সমিতির সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | সদর | ১০১ | ২৭ | ১২৮ | ১৬৯৯৬ |
| ২ | গোবিন্দগঞ্জ | ২৬৪ | ৫৪ | ৩১৮ | ৬১৭২ |
| ৩ | পলাশবাড়ী | ৮৪ | ৩৪ | ১১৮ | ২২২৮৫ |
| ৪ | সুন্দরগঞ্জ | ৯৭ | ০৯ | ১০৬ | ২৮৪৫৬ |
| ৫ | সাদুল্লাপুর | ১২৩ | ০৬ | ১২৯ | ২৭৪৪৫ |
| ৬ | সাঘাটা | ১২৮ | ০৭ | ১৩৫ | ১৯২৪৪ |
| ৭ | ফুলছড়ি | ৪৭ | ০৬ | ৫৩ | ২৫০৭৮ |
| | মোট= | ৮৪৪ | ১৪৩ | ৯৮৭ | ১,৪৫,৬৭৬ |

উপজেলা ভিত্তিক সমবায় সমিতির শেয়ার মুলধন,সঞ্চয় আমানত ,ঋণবিতরণ ও আদায়

| | জেলারনাম | শেয়ার মুলধন | সঞ্চয় আমানত | ঋণ বিতরণ | ঋণ আদায় |
|---|---|---|---|---|---|
| ১ | সদর | ৩৮.৫৪ | ১৪৫.০৬ | ৩০৩৬৪৭০ | ৭৮৭৪৩০ |
| ২ | গোবিন্দগঞ্জ | ৮৩.৭৪ | ১২৯.৫৫ | ৫২৪৮৭৭০ | ৭৯৫৭০০ |
| ৩ | পলাশবাড়ী | ২৩.৮৩ | ১২১.৯০ | ২৪৮৭৫০০ | ২.৮১ |
| ৪ | সুন্দরগঞ্জ | ৮৯.৩৬ | ১১১.৬৫ | ৩৪৪৩৮৫০ | ২.৭৬ |
| ৫ | সাদুল্লাপুর | ৪১.৪১ | ৮৩.৪৫ | ২৫৮৭৬৬০ | ২.৪৬ |
| ৬ | সাঘাটা | ৯২.৭৪ | ১৪৫.০৬ | ২৯৪২৫০০ | ৩.৯৮ |
| ৭ | ফুলছড়ি | ৩৯.২৪ | ২৫.৮৫ | ৬২৫২০০ | ১.৫৪ |
| ৮ | মোট= | ৪০৬.১৬ | ৭৬২.৫২ | ২০৩৭১৯৫০ | ১৫৯৯৭০০০ |

৩.৭সমিতির লভ্যাংশ বিতরণ

| ক্রমিক নং | জেলার নাম | লভ্যাংশ বিতরণের লক্ষ্যমাত্রা | | লভ্যাংশ বিতরণকৃত অর্থের পরিমান | |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ | মোট | সাধারণ | মোট |
| ১ | ২ | ৬ | ৭ | ১২ | ১৩ |
| ১. | গাইবান্ধা | ১৬৮০৯৫০ | ১৬৮০৯৫০ | ১৬৮০৯৫০ | ১৬৮০৯৫০ |
| মোট= | | ১৬৮০৯৫০ | ১৬৮০৯৫০ | ১৬৮০৯৫০ | ১৬৮০৯৫০ |

# ৪র্থ অধ্যায়

৪. রাজস্ব আদায়

**৪.১নিরীক্ষা ফি**

**৪.২নিবন্ধন ফি**

**৪.৩অন্যান্য)**

| ক্রমিকনং | জেলারনাম | নিরীক্ষা ফি | নিবন্ধন ফি | অন্যান্য (কোর্ট ফি) | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | গাইবান্ধা | ১৫৯৯৭০ | ১৬৮০০ | ০ | ১৭৬৭৭০ |
| | মোট= | ১৫৯৯৭০ | ১৬৮০০ | ০ | ১৭৬৭৭০ |

# ৫ম অধ্যায়

## ৫.সমবায় উন্নয়ন তহবিল

| | | আদায়যোগ্য সিডিএফ এর পরিমাণ | | | আদায়কৃত সিডিএফ এর পরিমাণ | | | আদায়ের |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | জেলার নাম | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | হার |
| ১. | গাইবান্ধা | ৭৪৯৬ | ৪৩৯৭০ | ৫১৪৬৬ | ৭৪৯৬ | ৪৩৯৭০ | ৫১৪৬৬ | ১০০% |
| | মোট= | ৭৪৯৬ | ৪৩৯৭০ | ৫১৪৬৬ | ৭৪৯৬ | ৪৩৯৭০ | ৫১৪৬৬ | ১০০% |

# ৬ষ্ঠ অধ্যায়

৬. উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়নের তালিকা

| সমিতিরশ্রেণি | মনোনীত সমবায় সমিতির নাম ও ঠিকানা | উপজেলার নাম |
|---|---|---|
| (শ্রেণি০১)<br>কৃষি ভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন | প্রাইম সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>গ্রাম-রিফাইতপুর,ডাকঘর-বাদিয়াখালি, সদর, গাইবান্ধা। | সদর |
| (শ্রেণি০২)<br>সঞ্চয়ওঋণদান/ ক্রেডিট | সমৃদ্ধি সেভিংস এবং ক্রেডিট কোঃ সোঃ লিঃ আসাদুজ্জামান মার্কেট,<br>গাইবান্ধা সদর, গাইবান্ধা। | সদর |